



**মোঃ মাহবুব-উল-আলম**  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিয়াম ফাউন্ডেশন।

জনাব মোঃ মাহবুব-উল-আলম ১৪ জুন ২০২৩ তারিখে মহাপরিচালক হিসেবে বিয়াম ফাউন্ডেশনে যোগদান করেন। বিয়ামে যোগদানের পূর্বে তিনি অতিরিক্ত সচিব হিসেবে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে দায়িত্ব পালন করেন। এর পূর্বে তিনি মেম্বার ডাইরেক্টিং স্টাফ (এমডিএস) হিসেবে বিসিএস (প্রশাসন) একাডেমীতে কর্মরত ছিলেন।

জনাব মোঃ মাহবুব-উল-আলম ১৯৬৮ সালে ০১ মে চাঁদপুর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ইসলামী বিশ্ববিদ্যালয় হতে ইসলামের ইতিহাসে অনার্স ও মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। তিনি পরবর্তীতে ব্রাক ইউনিভার্সিটি, বাংলাদেশ হতে মাস্টার্স ইন গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ- এ ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি উপসালা ইউনিভার্সিটি, সুইডেন এবং ম্যাকুয়ারি বিশ্ববিদ্যালয়, অস্ট্রেলিয়ায় স্থানীয় সরকার ও Professional Development Programme –এ অংশগ্রহণ করেন।

তিনি বি.সি.এস একাদশ ব্যাচের সদস্য হিসেবে ১৯৯৩ সালের এপ্রিল মাসে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। মাঠ পর্যায়ে তিনি সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), রেভিনিউ ডেপুটি কালেক্টর ও উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি শিল্প মন্ত্রণালয়, যোগাযোগ মন্ত্রণালয় ও ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ে উপ-সচিব, যুগ্ম-সচিব ও অতিরিক্ত সচিব হিসেবেও দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ মাহবুব-উল-আলম সরকারী দায়িত্বের অংশ হিসেবে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, দক্ষিণ আফ্রিকা, দক্ষিণ কোরিয়া, সুইজারল্যান্ড, ব্রাজিল, সুইডেন, মালয়েশিয়া, থাইল্যান্ড, সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন। তিনি বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিঃ (বিটিসিএল) ও বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানী লিঃ (বিএসসিএল) এর পরিচালনা পর্যদের সদস্য ছিলেন।

ব্যক্তিগত জীবনে তিনি এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক।